মুজিবনগরে বিদ্যালয় পরিচালনা কমিটির সাথে সভা ও পুরস্কার বিতরণী

মুজিবনগরে উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা কমিটির সাথে সভা এবং প্রাথমিক বিদ্যালয় ও শিক্ষকদের নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য পুরস্কার প্রদান করেছে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি।

গতকাল সোমবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে এই সভা ও পুরস্কার বিতরণের আয়োজন করা হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় এবং গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাস্মদ আলাউদ্দীন,
সভায় উপজেলা ১০ টি স্কুলের প্রধান শিক্ষক, ১ জন সহকারি শিক্ষক এবং ১ জন এসএমসি সদস্য অংশ গ্রহন করেন। নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয়, কেদারগঞ্জ সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং বাগোয়ান সরকারী প্রাথমিক বিদ্যালয় কে পুরস্কৃত করা হয়।

সেই সাথে উপজেলার ভালো শিক্ষক হিসেবে অসামান্য অবদানের রাখার জন্য ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুর রহমান কে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, বল্লভপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জমিরুল শেখ শ্রেষ্ঠ সহকারী শিক্ষক এবং মুজিবনগর মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের খদেজা খাতুনকে শ্রেষ্ঠ সহকারী শিক্ষকের পুরস্কার প্রদান করা হয়।

সেই সাথে অংশগ্রহণকারী সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হাতে বিশেষ পুরস্কার তুলে দেওয়া হয়।

মুজিবনগরে বিদ্যালয় পরিচালনা কমিটির সভা

মুজিবনগরে উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা কমিটির সাথে সভা এবং মাধ্যমিক বিদ্যালয় ও শিক্ষকদের নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য পুরস্কার প্রদান করেছে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি।

আজ বৃহস্পতিবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, অফিস হল রুমে এই সভা ও পুরস্কার বিতরণের আয়োজন করা হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় এবং গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম।

সভায় উপজেলা ১০ টি স্কুলের প্রধান শিক্ষক,১ জন সহকারি শিক্ষক এবং ১ জন এসএমসি সদস্য অংশ গ্রহন করেন। নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অর্জনের জন্য মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয় কে পুরস্কৃত করা হয়।

সেই সাথে উপজেলার ভালো শিক্ষক হিসেবে অসামান্য অবদানের রাখার জন্য মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম কে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, আনন্দবাস মিয়া মুনসুর একাডেমীর রাসেল উদ্দিনকে শ্রেষ্ঠ সহকারী শিক্ষক এবং আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুরের তানিয়া আক্তারকে শ্রেষ্ঠ সহকারী শিক্ষকের পুরস্কার প্রদান করা হয়।

সেই সাথে অংশগ্রহণকারী সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হাতে বিশেষ পুরস্কার তুলে দেওয়া হয়।

বোনের কিডনী ও প্রধানমন্ত্রীর সহায়তায় সুস্থ হয়ে উঠবেন জেমস স্বপন মল্লিক

একেই বলে ভাইয়ের প্রতি বোনের ভালবাসা। কিডনী রোগে অসুস্থ ভাইকে কিডনী দিয়ে বিরল ভালবাসার উদাহরণ সৃষ্টি করলেন বোন চপোলা মল্লিক। অপরদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ লাখ টাকা চিকিৎসা অনুদান দিয়ে তার পাশে দাড়িয়েছেন।

আজ বুধবার (২৪ মে) ভারতের চেন্নাই অ্যাপোলো হাসপাতালে মুজিবনগরের প্রিয় মুখ জেমস স্বপন মল্লিক বাবুর কিডনী প্রতিস্থাপন করা হয়েছে।

এর আগে বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের কৃতি সন্তান জেমস স্বপন মল্লিক বাবু’র চিকিৎসার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ লাখ টাকা চিকিৎসা অনুদান দিয়েছেন এবং প্রয়োজনে আরো দেবেন বলেও আশ্বস্ত করেছেন।

জানা গেছে, জেমস স্বপন মল্লিক বিগত দুই বছর যাবৎ কিডনী রোগে ভুগছেন। বাংলাদেশের বড় বড় হাসপাতালগুলোতে চিকিৎসা নিয়েও কোনো ফল পাচ্ছিলেন না তিনি। অবশেষে ভারতের ভেলোর সিএমসি হাসপাতালে ভর্তি হন। সেখানে গিয়ে জানতে পারেন তার দেহে একটি কিডনী রয়েছে। ইতোমধ্যে কিডনীটি ৮০ শতাংশ অকেজো হয়ে পড়েছে। তাকে কিডনী না দিলে অল্পদিনের মধ্যেই মারা যাবেন। অবশেষে জেমস স্বপন মল্লিকের ছোট বোন চপোলা মল্লিক তার ভাইকে কিডনী দেওয়ার ঘোষণা দেন। পারিবারিক সিদ্ধান্ত মোতাবেক চেন্নাই অ্যাপোলো হাসপাতালে আজ বুধবার তার বোনের দেওয়া কিডনী প্রতিস্থাপন করা হয়েছে।

এদিকে জেমস স্বপন মল্লিক তার ফেসবুকে লেখেন, গত ৪৫ দিন ১৫ টি ডাইলাসিস গ্রহন করালাম। আপনারা সকলে আমার বোন ও আমার জন্য প্রার্থনা করবেন। আমি যেন সুস্থ হয়ে মানুষের পাশে দাড়াতে পারি। আমাকে চেন্নাই ৪ মাস থাকতে হবে। হাসপাতালের খরচ, পরিবারের ৭ জন নিয়ে নিয়ে থাকা খাওয়া, বিমান ভাড়া তাতে অনেক খরচ।

তিনি লেখেন, কৃতজ্ঞতার সাথে স্মরণ করি মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এমপি’কে যিনি আমার উন্নত চিকিৎসার ১০ লক্ষ টাকা অনুদান প্রদান করেছেন। আরো দিবেন বলে আশ্বস্ত করেছেন। আমার চিকিৎসার জন্য প্রতিনিয়ত তত্বাবধানে করছেন আমার প্রানের সংগঠন বাংলাদেশ আওয়ামী যুবলীগের বিপ্লবী সাধারণ সম্পাদক, আমার রাজনৈতিক অভিবাবক আলহাজ্ব মো: মাইনুল হোসেন খান নিখিল ভাই।

চার্চ অব বাংলাদেশের মডারেটর বিশপ রাইট রেভা সমূয়েল সুনীল মানখীন সহ আরো দুই বিশপ।

স্মরন করছি পিজি হাসপাতালের প্রো-ভিসি স্যার কবি ও সাহিত্যিক প্রফেসর ডা.একেএম মোশাররফ হোসেন সহ অনেকে।
অপারেশনের পর বাকি সবার কৃতজ্ঞতা স্বীকার করবো। আমার ভবনের সকল এলোটীদের ধন্যবাদ।

এদিকে জেমস স্বপন মল্লিকের আশু রোগ মুক্তি কামনা করেছেন মেহেরপুরের বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বার্তা সম্পাদক জুলফিকার আলী কাননসহ মেহেরপুর প্রতিদিন পরিবার।

মুজিবনগরে গুডনেইবারর্স এর শিশু অধিকার ভিত্তিক

ক্যাম্পেইন

মুজিবনগরে শিশুশ্রম, বাল্যবিবাহ,শিশুদের যৌন হয়রানি, প্রতিরোধের সরকারের বিভিন্ন পদক্ষেপ এবং শিশু সুরক্ষা, শিশু অধিকার, ভিত্তিক ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয়ে এই ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

গুড নেইবারস মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে, ক্যাম্পেইন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় ক্যাম্পেইন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুক হরেন্দ্র বিশ্বাস, গুডনেইবারর্স এর এডমিন অফিসার অশোক মালাকার, গুডনেইবারর্স এর ইউথ লিডার শামিম খান। ক্যাম্পেইন অনুষ্ঠানে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মাঝে চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং বিজয়ী চিত্রশিল্পীদের পুরস্কৃত করা হয়।

শিশু অধিকার ক্যাম্পেইন অনুষ্ঠানে বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করেন।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের বিক্ষোভ মিছিল

বাংলাদেশের প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাকে কটুক্তি ও হত্যার হুমকির প্রতিবাদে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ বিক্ষোভ মিছিল করেছে ।

আজ সোমবার বিকালে উপজেলা আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের উদ্যোগে মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নেতৃত্বে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সামনে থেকে বিক্ষোভ মিছিলটি বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

বিক্ষোভ মিছিল উপস্থিত ছিলেন, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালি ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, উপজেলা যুব মহিলালীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, ইয়ং বাংলা ফিউচার লিডার মুজিবনগর উপজেলা সভাপতি হাসানুজামান লালটু সহ আওয়ামীলীগ,, যুবলীগ যুবমহিলা লীগ, কৃষকলীগ,, স্বেচ্ছাসেবক লীগ ছাত্রলীগ সহ আ’লীগের অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

উল্লেখ্য, গত ১৯ মে রাজশাহীর পুঠিয়া উপজেলায় এক সমাবেশে বিএনপির আহবায়ক আবু সাঈদ চাঁদ প্রধানমন্ত্রীকে কবরস্থানে পাঠাতে হবে বলে হুমকি দেন। যাহা হত্যার হুমকির সামিল। অনতিবিলম্বে প্রধানমন্ত্রীকে হত্যার হুমকিদাতাকে আইনের আওতায় আনার দাবীতে মুজিবনগরে এই বিক্ষোভ মিছিল করা হয়েছে।

বঙ্গবন্ধুর স্বপ্নের কমিউনিটি ক্লিনিক আজ বিশ্ব স্বীকৃত-জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, বাংলাদেশে কমিউনিটি ক্লিনিকের স্বপ্ন ছিলো জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের। স্বাধীনতার পর প্রতিটি ইউনিয়নে স্বাস্থ্যসেবা পৌঁছে দেবার লক্ষ্যে কাজ শুরু করে বঙ্গবন্ধু সরকার। কিন্তু বঙ্গবন্ধু হত্যার পর সে স্বপ্ন আর পূরণ হয়নি। ১৯৯৬ সালে শেখ হাসিনা সরকার গঠনের পর

দেশে ১৮ হাজার কমিউনিটি ক্লিনিক চালু করেন। কিন্তু বিএনপি-জামায়ত জোট সরকার ক্ষমতায় এসে সেই কমিউনিটি ক্লিনিকগুলো বন্ধ করে দেয়। কারণ সেগুলো চালু থাকলে মানুষ আর কেউ ধানের শীষে ভোট দেবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সেই কমিউনিটি ক্লিনিক আজ বিশ্ব দরবারে স্বীকৃতি পেয়েছে।

সোমবার দুপুরে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ এর উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে কথাগুলো বলেন মন্ত্রী।

মন্ত্রী আরো বলেন, ২০০১ সাল থেকে ২০০৫ সাল পর্যন্ত জামায়াত-বিএনপি জোট সরকার দেশকে সন্ত্রাসী রাষ্ট্রে পরিণত করেছিলো। সে সময় আওয়ামী লীগের বড় বড় মন্ত্রী, এমপিকে হত্যা করা হয়েছিলো। হত্যা করতে চেয়েছিলো প্রধানমন্ত্রী শেখ হাসিনাকেও। কিন্তু সে চেষ্টা ব্যার্থ করে দেয় আওয়ামী লীগের নেতা-কর্মী ও দেশের সাধারণ জনগন। আজ সেই শেখ হাসিনরা নেতৃত্বেই দেশ দূর্বার গতিতে এগিয়ে চলেছে। তবে থেমে নেয় দেশীয় ও আন্তর্জাতিক ষড়যন্ত্র। মনে রাখতে হবে নৌকায় ভোট দেয়া মানেই দেশের উন্নয়ন। আর উন্নয়নের সুফলভোগী সবাই। কারিগরী শিক্ষার উত্তর উত্তর সাফল্যের কারণে আগামীতে দেশে আর কোন বেকার থাকবেনা বলেও জানান তিনি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, জেলা প্রশাসক আজিজুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন, খুলনা স্বাস্থ্য বিভাগের পরিচালক ডাঃ মনজুরুল মুরশিদ, পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদ চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মহাজন পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান এএসএম মাহবুবুল আলম রবি, উপজেলা কৃষক লীগের সভাপতি জাহিদ হাসান রাজিব, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুনসহ মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তার নার্স এবং কর্মকর্তা- কর্মচারী বৃন্দ মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ, যুব মহিলালীগ, কৃষকলীগ,, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগ সহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ।

মুজিবনগরে ২০ বোতল ফেনসিডিলসহ যুবক আটক

২০ বোতল ফেনসিডিলসহ আলামিন হোসেন ওরফে আলাম (৩৩) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। আটক আলামিন মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের নুর ইসলামের ছেলে।

আজ সোমবার (২২ মে) বেলা ২ টার দিকে মুজিবনগর থানা পুলিশের একটি টিম আলামিনের বাড়িতে অভিযান চালিয়ে ২০ বোতল ফেনসিডিলসহ আটক করেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, বাড়িতে ফেনসিডিল জড়ো করে বিক্রির জন্য প্রস্তুত হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে ওই বাড়িতে অভিযান চালানো হয়। এসময় তার বসত ঘর থেকে ২০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দিয়ে আটক আসামি আলামিনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে ভূমি সেবা সপ্তাহের উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে ভৃমি সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। আজ সোমবার সকালে উপজেলা ভূমি অফিসের আয়োজনে, স্মার্ট ভূমি সেবাই ভূমি মন্ত্রণালয় এই শ্লোগানকে সামনে রেখে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভূমি সেবা সপ্তাহের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আব্দুল মোমিন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস বলেন, জমি জমা সংক্রান্ত কাগজপত্র সরকারি রেটের চেয়েও বেশি টাকা কেহ অফিসে দিবেন না। যদি ভূমি অফিসের কোন কর্মচারী অতিরিক্ত টাকা দাবি করে সঙ্গে সঙ্গে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবহিত করবেন।

ভূমির নামজারি করতে কোন দালালের শরণাপন্ন হবেন না স্মার্ট বাংলাদেশে ভূমি সংক্রান্ত সবকিছুই অন্য অনলাইনের মাধ্যমে আপনি করতে পারবেন।

মুজিবনগরে ৪ গ্রাম হেরোইনসহ দুই যুবক আটক

মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে ৪ গ্রাম হেরোইনসহ দুই মাদক কারবারি আটক করেছে।

আটকরা হলেন, মুজিবনগর উপজেলার পরানপুর গ্রামের হাসেম আলীর ছেলে মো: মোমিন (২০) ও বাবুপুর গ্রামের কলিম উদ্দীনের ছেলে মো: মিঠুন (২০)।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে কোমপুর পুলিশ ক্যাম্পের একটি টিম শনিবার দিবাগত রাতে পরানপুর গ্রামের জনৈক মনিরুল ইসলামের কলাবাগান থেকে তাদের দুজনকে আটক করেন। এসময় তাদের কাছ থেকে ৪ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ রবিবার সকালের দিকে দুই মাদক কারবারীকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে পূর্ব শত্রুতার জেরে সংঘর্ষ আহত-৩

পূর্ব শত্রুতার জেরে মুজিবনগর উপজেলার মোনাখালি ইউনিয়নের রসিকপুর গ্রামের রসিকপুর ব্রিজে সংঘর্ষে তিনজন গুরুতর আহত হয়েছে।

শনিবার সন্ধ্যায় রসিকপুর ব্রীজে এ সংঘর্ষের ঘটনা ঘটে। আহতরা হলো রসিকপুরের খোকন শেখের ছেলে মানিক(১৬), শামসুদ্দোহা শেখের ছেলে, মোঃ শানমন (১৮) এবং মজিদুলের ছেলে টোকন (২১)। গুরুতর আহত টোকনের মাথায় ৯ টা সেলাই দিয়েছেন কর্তব্যরত চিকিৎসক। তারা মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

প্রত্যক্ষদর্শীদের বর্ণনা জানা যায়, আহত তিনজন মোটরসাইকেল যোগে রশিদপুর ব্রিজে পৌঁছালে আগে থেকে উৎপাতে থাকা বাগবান গ্রামের বাবলুর ছেলে বনি আমিন (২০), কাউস উদ্দিনে ছেলে লুৎফর (১৭), সবুজ(১৮), আলতাফের ছেলে কাউস উদ্দিন (৩৫) এবং সাকিব(১৬) দেশীয় অস্ত্র লাঠি ও রড নিয়ে আক্রমন করে। এ সময় উভয় পক্ষের সংঘর্ষে আক্রমণকারী বনি আমিনও আহত হয়। তার মাথায় ৫ টি সেলাই দিয়েছেন কর্তব্যরত চিকিৎসক।

বাগোয়ানের সাবেব ইউপি সদস্য কমরউদ্দিন ও রশিকপুরের ইউপি সদস্য পানু শেখ ঘটণার সত্যতা নিশ্চিত করে জানান করোনা কলীন সময়ে স্কুলে পড়া অবস্থায় এক সংঘর্ষের জেরে আজকে পুনরায় রসিকপুর ব্রীজে এই সংঘর্ষের ঘটনা ঘটে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল বলেন, ‘ঘটনাটি সম্পর্কে পুলিশ অবগত আছে, উভয়পক্ষের দুইজন গুরুতর আহত হয়েছে, তবে এখনো পর্যন্ত কোনো লিখিত অভিযোগ আসেনি । লিখিত অভিযোগ পাওয়া গেলে পুলিশ আইনগত ব্যবস্থা নেবে।’